

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১২

আগরতলা, ১৪ জুন, ২০২৪

রাজভবনে রাজ্যপালের সভাপতিত্বে রাজ্য সৈনিক  
বোর্ডের রাজ্য পরিচালন কমিটির ২১তম বৈঠক



রাজভবনে আজ সন্ধ্যায় ত্রিপুরা রাজ্য সৈনিক বোর্ডের রাজ্য পরিচালন কমিটির ২১তম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন পরিচালন কমিটির চেয়ারম্যান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা। বৈঠকে প্রাক্তন সৈনিক, সৈনিকদের বিধবা পত্নী ও তাদের সন্তানদের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প এবং তাদের আবাসনের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, বিভিন্ন দপ্তরের সচিবগণ, ত্রিপুরা সৈনিক কল্যাণ বোর্ডের অধিকর্তা ব্রিগেডিয়ার জে পি তিওয়ারি, ৫৭-মাউন্টেন আর্টিলারি ডিভিশনের ব্রিগেডিয়ার বি কে পান্ডা, সৈনিক কল্যাণ বোর্ডের সদস্যগণ, ক্যাপ্টেন (আই এন) সতীশ কুমার, কর্ণেল কমল ভি নায়ার প্রমুখ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়।

\*\*\*\*\*